



১৩/১২/২০২০
উপজেলা নির্বাহী অফিসার
শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
হবিগঞ্জ

www.habiganj.gov.bd

গণবিজ্ঞপ্তি


সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ-এর বিআরটিএ সংস্থাপন শাখার ২০/১২/২০২০ খ্রিস্টাব্দ তারিখের ৩৫.০০.০০০০.০২০.০০৯.০৭৭.১৭-৫৩৫ নম্বর প্রজ্ঞাপন অনুসারে হবিগঞ্জ জেলার শায়েস্তাগঞ্জ পৌরসভায় সাধারণ নির্বাচন আগামী ২৮ ডিসেম্বর ২০২০ তারিখ অনুষ্ঠিত হবে। উক্ত নির্বাচনে অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষভাবে ভোটগ্রহণ অনুষ্ঠানের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মোটরযান অধ্যাদেশ ২০১৮ এর ৩২ ধারা অনুযায়ী নির্বাচন উপলক্ষে ভোট গ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী অর্থাৎ ২৭ ডিসেম্বর ২০২০ তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা হতে ২৮ ডিসেম্বর ২০২০ তারিখ মধ্যরাত ১২.০০ টা নিম্নবর্ণিত যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হলো:

(১) ট্রাক

(২) পিক আপ

০২। এছাড়া, ২৬ ডিসেম্বর ২০২০ তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা হতে ২৯ ডিসেম্বর তারিখ সকাল ৬.০০ টা পর্যন্ত মোটর সাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হলো।

০৩। উল্লেখ্য যে, এ নিষেধাজ্ঞা রিটাইনিং অফিসারের অনুমতি সাপেক্ষে প্রতিদ্বন্দ্বী প্রার্থী/তাঁদের নির্বাচনী এজেন্ট, দেশী/বিদেশী পর্যবেক্ষকদের (পরিচয়পত্র থাকতে হবে) ক্ষেত্রে শিথিলযোগ্য। তাছাড়া, নির্বাচনের সংবাদ সংগ্রহের কাজে নিয়োজিত দেশী/বিদেশী সাংবাদিক (পরিচয়পত্র থাকতে হবে), নির্বাচনী কাজে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারী, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, নির্বাচনের বৈধ পরিদর্শক এবং কতিপয় জরুরী কাজে যেমন- এ্যাম্বুলেন্স, ফায়ার সার্ভিস, বিদ্যুৎ, গ্যাস, ডাক, টেলিযোগাযোগ ইত্যাদি কার্যক্রমে ব্যবহারের জন্য এবং জাতীয় মহাসড়কে যানবাহন চলাচলের ক্ষেত্রে উপর্যুক্ত নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না।


১৪/১২/২০২০

(মোহাম্মদ কামরুল হাসান)

জেলা ম্যাজিস্ট্রেট

হবিগঞ্জ

ফোন: ০৮৩১-৬২১০০



চলমান-২/